

আয-যুখরুফ | Az-Zukhruf | الزُّخْرُفُ

আয়াতঃ ৪৩ : ৩৬

আরবি মূল আয়াত:

وَمَنْ يَعْشُ عَنْ ذِكْرِ الرَّحْمَنِ نُقَيِّضْ لَهُ شَيْطَانًا فَهُوَ لَهُ قَرِينٌ ﴿٣٦﴾

অনুবাদসমূহ:

আর যে পরম করুণাময়ের যিকির থেকে বিমুখ থাকে আমি তার জন্য এক শয়তানকে নিয়োজিত করি, ফলে সে হয়ে যায় তার সঙ্গী। — আল-বায়ান

যে ব্যক্তি দয়াময় আল্লাহর স্মরণ থেকে নিজেকে ফিরিয়ে নেয়, আমি তার জন্য শয়তানকে নিয়োজিত করি, অতঃপর সে হয় তার ঘনিষ্ঠ সহচর। — তাইসিরুল

যে ব্যক্তি দয়াময় আল্লাহর স্মরণে বিমুখ হয় আমি তার জন্য নিয়োজিত করি এক শাইতান, অতঃপর সে হয় তার সহচর। — মুজিবুর রহমান

And whoever is blinded from remembrance of the Most Merciful - We appoint for him a devil, and he is to him a companion. — Sahih International

৩৬. আর যে রহমানের যিকির থেকে বিমুখ হয় আমরা তার জন্য নিয়োজিত করি এক শয়তান, অতঃপর সে হয় তার সহচর।

তাকসীরে জাকারিয়া

(৩৬) যে ব্যক্তি পরম দয়াময় আল্লাহর স্মরণে উদাসীন হয়[1] তিনি তার জন্য এক শয়তানকে নিয়োজিত করেন, অতঃপর সে হয় তার সহচর। [2]

[1] عَشَا يَعْشُو এর অর্থ হল, চোখের রোগ রাতকানা অথবা তার কারণে যে অন্ধত্ব আসে। অর্থাৎ, যে আল্লাহর যিকির থেকে অন্ধ (বা উদাসীন) হয়ে যায়।

[2] এই শয়তান আল্লাহর যিকির থেকে উদাসীন ব্যক্তির সাথী হয়ে যায়। সে সব সময় তার সাথে থেকে তাকে সমস্ত নেকীর কাজে বাধা দেয়। অথবা মানুষ নিজেই এই শয়তানের সঙ্গী হয়ে যায় এবং তার নিকট থেকে কোন সময় পৃথক হয় না, বরং সমস্ত কার্যকলাপে তারই অনুসরণ করে এবং তার যাবতীয় কুমন্ত্রণায় তার আনুগত্য করে।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4361>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন